BYOD – Bring Your Own Device (বিওয়াইওডি) -নিজের যন্ত্রটি নিয়ে আসুন

অভিভাবকরা কিভাবে ছাত্রছাত্রীদের সাফল্যের অংশীদার হতে পারেন

একবিংশ শতাব্দীর শিক্ষন এবং শিখনে নেতৃবৃন্দ

Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে) এ, আমাদের লক্ষ্য হলো প্রত্যেক ছাত্রছাত্রীর মধ্যে সাফল্য, আত্মবিশ্বাস এবং প্রত্যাশার অনুপ্রেরনা যোগানো। প্রযুক্তি ব্যবহারে নেতৃবৃন্দ হিসাবে, আমরা সৃজনশীল এবং উদ্ভাবক শিখনে উতসাহিত করি।

আজকের ছাত্রছাত্রীরা ইতিমধ্যেই প্রযুক্তির অধিনায়ক। তারা যে প্রযুক্তি ব্যবহার করে তাকে নিজেদের প্রত্যহ জীবনে নিয়ে যেতে চায় এবং তাদের শ্রেনীকক্ষের অভিজ্ঞতার স্বাভাবিক অংশ বানাতে চায়। গবেষনা বলে যে আমরা যদি তাদের শিখনের অভিজ্ঞতাসমুহে এটির প্রতিফলন ঘটাই, আমরা সম্পৃক্ততা বাড়াব যা ছাত্রছাত্রীদের উন্নত সাফল্য অভিমুখী করবে।

সেইজন্য আমাদের বোর্ডের একবিংশ শতাব্দীর শিক্ষন এবং শিখনের দর্শন এত উত্তেজনাপূর্ন। পিলের সকল ছাত্রছাত্রীদের জন্য প্রযুক্তিতে আমাদের ৭ মিলিয়নের বিনিয়োগ নিশ্চিত করবে আমাদের স্কুলগুলো ক্রমবর্দ্ধিতভাবে সংযুক্ত এবং প্রাসংগিক।

BYOD (বিওয়াইওডি)ছাত্রছাত্রীদের সাফল্যের জন্য"ক্ষমতায়নে "সাহায্য করে

বিওয়াইওডির অর্থ ছাত্রছাত্রীরা প্রশিক্ষনের উদ্দেশ্যে তাদের নিজেদের যন্ত্রাদি নিয়ে স্কুলে আসবে। শ্রেনীকক্ষে, ছাত্রছাত্রীরা দায়িত্বশীলতার সাথে, এবং শিক্ষক অথবা অন্যান্য কর্মচারীদের অনুমতি এবং পরিচালনায় যন্ত্রাদি ব্যবহার করবে।

অবশ্যই, শুধুই প্রযুক্তি শিখনের উন্নতি করবে না। তথাপি বিশ্ময়কর জিনিষ হতে পারে যখন এটি দক্ষ কর্মচারীর থেকে সঠিক নির্দেশ সম্বলিত হয়। পিল বোর্ডের শ্রেনীকক্ষগুলোতে প্রযুক্তির বর্দ্ধিত ব্যবহার ছাত্রছাত্রীদের আজকের এবং ভবিষ্যতের সাফল্যে "ক্ষমতায়ন" করবে।

এখানে দেওয়া রয়েছে নিজস্ব মালিকানার যন্ত্রাদি কেন সবচেয়ে ভালো কাজ করেঃ

- ছাত্রছাত্রীরা সাধারনত তাদের যে যন্ত্র আছে তাতে সুদক্ষ, এবং তাদের শিখনের প্রয়োজনে সেটিকে নিজেদের উপযোগী করে তোলে।
- ছাত্রছাত্রীরা এটি যে কোনো সময়ে, যে কোনো জায়গায় শিখনের কাজে ব্যবহার করতে পারে
- ছাত্রছাত্রীরা তাদের সহপাঠীদের সাথে তাদের স্কুলের কাজ সম্বন্ধে সহযোগীতা করতে পারে
- ছাত্রছাত্রীদের নিজস্ব মালিকানার যন্ত্রাদি সাধারনত স্কুলের প্রদত্ত যন্ত্রাদির থেকে বেশী আধুনিক।
- স্কুলের মালিকানার যন্ত্রাদি ব্যয়বহুল এবং অব্যহত রাখা কঠিন হতে পারে।

ব্যবহারের সুযোগের সাম্যতা একটি মুখ্য অগ্রাধিকারের বিষয়

আমরা জানি যে, সব অভিভাবকবৃন্দ তাদের বাচ্চাদের/কিশোরকিশোরীদের যন্ত্র দিয়ে স্কুলে পাঠাতে পারেন না অথবা চান না । যার জন্য শিক্ষকরা সব ছাত্রছাত্রী নিজস্ব মালিকানার যন্ত্র স্কুলে আনবে ধরে না নিয়ে, পরিকল্পনা করে অগ্রসর হন। প্রযুক্তি প্রত্যেকদিন প্রত্যেক পাঠে ব্যবহারিত হবে না। এর একটি সঠিক সময় এবং জায়গা রয়েছে।

যন্ত্রাদি এবং অন্যান্য প্রযুক্তি ছাত্রছাত্রীদের স্কুলে ব্যবহারের জন্য সুলভ এবং সকল ছাত্রছাত্রীর তাদের ক্লাসরুমগুলোতে প্রযুক্তি ব্যবহারের সুযোগ থাকবে। এমনকি ক্লাসরুমে চার অথবা পাচটি যন্ত্রাদি পার্থক্য আনতে পারে। সহযোগীতাপুর্ন ব্যবহারে, প্রযুক্তি শিখনের রুপান্তর ঘটাতে পারে।

আমাদের কেন বিওয়াইওডি (BYOD) দেখুন? আরও জানার জন্য ইউটিউবে ভিডিওঃ http://bit.ly/why_byod.

কোন যন্ত্রটি বাছাই করবেন?

অভিভাবকরা আমাদের জিজ্ঞেস করেছেন "কোন যন্ত্রটি আমি আমার সন্তান/কিশোরকিশোরীর জন্য কিনবো?" এখানে কোন "সকলের জন্য উপযোগী একটি মাপ" নেই। কোন যন্ত্রটি কিনবেন তার সম্বন্ধে চুড়ান্ত সিদ্ধান্ত অভিভাবক হিসাবে (আপনি যদি আপনার সন্তানকে একটি যন্ত্র দিয়ে স্কুলে পাঠাতে চান)আপনার।

অনুগ্রহ করে বিবেচনা করুন

- গ্রেড এবং/অথবা বিষয়ের ক্ষেত্র

- প্রযুক্তিটি ক্লাশরুমে কীভাবে ব্যবহারিত হবে- শিক্ষকের সুপারিশ
- আপনার সন্তানের/কিশোরকিশোরীর পছন্দমাফিক শিখন
- যন্ত্রটির সাথে স্বাচ্ছন্দ্য
- মূল্য

আপনাকে সিদ্ধান্ত নেবার সাহায্যে, এখানে রয়েছে একজন ছাত্র বিবিধ যন্ত্রাদি দিয়ে কি করতে পারে

যন্ত্র	ইন্টারনেট	ভিডিও এবং ফটো দেখা	ক্যমেরা/ ভিডিও ক্যমেরা	ভিডিও এবং ফটো এডিট	ওয়েব এপ স (উদাঃ উইকিস, ব্লগস, জাভা, ফ্ল্যাশ)	অফিস টাস্ক (উদাঃ ওয়াড প্রসেসিং, স্প্রেডসিট)
iPod Touch (ওয়াই-ফাই সুযোগ সহ)	✓	✓	✓	✓	সীমিত	সীমিত
Smartphone	✓	✓	✓	✓	সীমিত	সীমিত
Tablets	✓	✓	✓	✓	সীমিত	✓
Netbooks & laptops	✓	✓	সীমিত	✓	✓	✓

খেলার যন্ত্রাদি সুপারিশ করা হয়না
দ্রব্যের বৈশিষ্টাবলী বিভাগসমূহের মধ্যে ভিন্ন হতে পারে

যন্ত্রটি নিরাপদে রাখার পরিকল্পনা করুন

অভিভাবক হিসাবে, আপনি আপনার সন্তানের যন্ত্রটি নিরাপদে রাখা সম্বন্ধে উদ্বিগ্ন। বিওয়াইওডি (BYOD) পরিবেশে, যন্ত্রগুলো বাইরে খোলা থাকে তাই ছাত্রছাত্রীরা তাদের যন্ত্রাদি সম্পর্কে বেশী সচেতন। আমরা খুব কম যন্ত্রাদি চুরি বা হারানো দেখি।

ছাত্রছাত্রীদের যন্ত্রাদি নিরাপদে রাখাতে সাহায্য করতে স্কুলগুলোর পরিকল্পনা থাকবে। তদাপি, চুড়ান্তভাবে ছাত্রছাত্রীরা তাদের স্কুলে আনা অন্যান্য নিজস্ব জিনিসের মতই নিজস্ব ইলেকট্রনিক যন্ত্রাদি হারানো, চুরি, এবং/অথবা ক্ষতির জন্য দায়ী থাকবে।

আপনি যদি আপনার ছাত্রছাত্রীকে যন্ত্র দিয়ে স্কুলে পাঠাতে চান, তবে দয়া করে একটি সংরক্ষন থাপ কেনা বিবেচনা করুন। কিছু যন্ত্রের ভিতরে পূর্বনির্মিত অবস্থান নির্দেশ করার ব্যবস্থা থাকে, যেটিকে সক্ষম করে রাখা উচিত।

যন্ত্রাদি শিখনে সহায়তা করবে

আমরা যেমন অয়েরলেস প্রযুক্তি(ওয়াই-ফাই) সংস্থাপন করি,শিক্ষকগন তাদের পাঠসমূহে আরও ডিজিটাল প্রযুক্তি সম্পদসমূহের সংগযোজন শুরু করবেন। এই সম্পদগুলো শিখনের দৃশ্যপটে পরিবর্তন এনেছে।

আজকে, ছাত্রছাত্রীরা এবং শিক্ষকগন ওয়েব ভিত্তিক উপাদান, সম্পদসমূহ, বিশেষজ্ঞ, গবেষনা এবং সহযোগী যন্ত্র ব্যবহার করতে পারে যা বিওয়াইওডি ছাড়া কঠিন হতো।

ছাত্রছাত্রীরা তাদের যন্ত্রাদি কিভাবে ব্যবহার করতে পারে তার কিছু উপায় এখানে দেয়া হলো

প্রাইমারি ক্লাসরুম (কে থেকে গ্রেড ৩)

- শব্দভান্ডারের উন্নতি
- অয়েবসাইটে প্রবেশ
- অঙ্কের ধারনা সমুহের জন্য অনলাইন চিত্রের ব্যবহার
- ফটোগ্রাফী এবং ভিডিও বানানো
- কারিকুলাম ভিত্তিক খেলা/প্রয়োগসমুহ

জুনিয়র ক্লাশ রুম (গ্রেড ৪ থেকে ৫)

- ওয়েবসাইটে প্রবেশ/ অনুসন্ধান
- ফটোগ্রাফী এবং ভিডিও বানানো
- নথিপত্র এবং উপস্থাপনা তৈরী/ সম্পাদনা
- কারিকুলাম ভিত্তিক খেলা/প্রয়োগ
- উইকিস, ব্লগস, পডকাস্ট (wikis, blogs, podcast)
- নোট নেয়া
- শব্দভান্ডারের উন্নতি
- গননা/গ্রাফিং কার্যক্রম
- অংকের ধারনার সাহায্যের জন্য অনলাইন ভিজুয়ালসমুহ ব্যবহার
- প্রজেক্ট উন্নত করা
- প্ল্যানার/ক্যালেন্ডার
- ম্যপ
- ভোট
- ভিডিও কনফারেন্স

মিডেল স্কুল (গ্রেড ৬ থেকে ৮)

- ওয়েবসাইটে প্রবেশ/ অনুসন্ধান
- ফটোগ্রাফী এবং ভিডিও বানানো
- নথিপত্র এবং উপস্থাপনা তৈরী/ সম্পাদনা
- কারিকুলাম ভিত্তিক খেলা/প্রয়োগ
- উইকিস, ব্লগস, পডকাস্ট (wikis, blogs, podcast)
- নোট নেয়া
- শব্দভান্ডারের উন্নতি
- গননা/গ্রাফিং কার্যক্রম
- অংকের ধারনার সাহায্যের জন্য অনলাইন ভিজুয়ালসমুহ ব্যবহার
- প্রজেক্ট উন্নত করা
- প্ল্যানার/ক্যালেন্ডার
- ম্যপ
- ভোট
- ভিডিও কনফারেন্স

হাই স্কুল (গ্রেড ৯ থেকে ১২)

- ওয়েবসাইটে প্রবেশ/ অনুসন্ধান
- ফটোগ্রাফী এবং ভিডিও বানানো
- নথিপত্র এবং উপস্থাপনা তৈরী/ সম্পাদনা
- কারিকুলাম ভিত্তিক খেলা/প্রয়োগ
- উইকিস, ব্লগস, পডকাস্ট (wikis, blogs, podcast)
- নোট নেয়া
- অফিস প্রডাকটিভীটি, উদাহরন, স্প্রেডসিট
- গননা/গ্রাফিং কার্যক্রম
- অংকের ধারনার সাহায্যের জন্য অনলাইন ভিজুয়ালসমুহ ব্যবহার
- প্রজেক্ট উন্নত করা
- প্ল্যানার/ক্যালেন্ডার
- ম্যপ
- ভোট
- ভিডিও কনফারেন্স

ওয়েরলেস নেটওর্য়ার্ক- বিনামুল্য এবং প্রবেশযোগ্য

ছাত্রছাত্রীদের স্কুলে থাকা অবস্থায় বোর্ডের ওয়েরলেস নেটওর্য়াক ব্যবহার করতে হবে, যাতে তারা বিনামূল্যে প্রবেশ করবে। তারা ক্লাশে থাকা অবস্থায় তাদের পেইড ডাটা প্ল্যানে প্রবেশ করার অনুমতি থাকবে না। নেটওয়ার্কের ফিল্টার ছাত্রছাত্রীদের স্কুলে লগড অবস্থায় অনুপযোগী ওয়েব উপাদানে প্রবেশ করা থেকে বিরত রাখতে সাহায্য করবে।

বিশেষজ্ঞ পরামর্শ অয়েরলেস নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করবে

শিখনের এবং কাজের জন্য নিরাপদ এবং যথাযথ স্থানসমূহ প্রদান করা পিল বোর্ডের জন্য সর্বোচ্চ অগ্রগন্য। এটি ওয়াই-ফাই (wi-fi) এর বেলায়ও সত্য।

ওয়াই-ফাই (wi-fi) সম্বন্ধে কোন সিদ্ধান্ত নেবার আগে, বোর্ড বিশ্বস্ত মেডিকাল বিষেশজ্ঞদের পরামর্শ চেয়েছে। পিল পাবলিক হেলথ, পাবলিক হেলথ অন্টারীও, হেলথ কানাডা এবং ওয়ার্ল্ড হেলথ অরগানইজেশন (হু) -এর থেকে পাওয়া প্রমান খুবই স্পষ্ট।

পাবলিক হেলথ অন্টারীও এর মতে রেডিওফ্রিকুয়েন্সী সম্পাত এবং এর প্রভাব এর উপর যে বিপুল সংখ্যক গবেষণা হয়েছে, তাদের মধ্যে স্বাস্থের উপর কোন নেতিবাচক প্রভাবের প্রমান নেই। জনসাধারনের সম্পাতের জন্য সুনির্দিষ্ট সীমা সবার জন্য প্রযোজ্য- বয়স্ক, স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন ব্যক্তি, শিশু এবং গর্ভবতি মহিলা এর অন্তর্ভুক্ত- এবং একটানা ২৪ ঘন্টা সম্পাতের জন্য অনুমতি দেয়।

হু (WHO) এও নির্দেশ করে যে, "খুব নিম্ন মাত্রার সম্পাত এবং এখন পর্যন্ত সংগ্রহিত গবেষনা ফলাফলগুলো বিবেচনা করে , কোন বিশ্বাসযোগ্য বৈজ্ঞানিক প্রমান নেই যে ভিত্তিস্থান থেকে দুর্বল রেডিওফ্রিকুয়েন্সী সংকেতসমুহ এবং ওয়েড়লেস নেটওর্য়াকসমুহ স্বাস্থে প্রতিকুল প্রভাবের হেতু।

আমদের স্কুলে প্রযুক্তি ব্যবহারের নির্দেশনার জন্য আমরা বিশেষজ্ঞদের এবং পাবলিক হেলথ এজেন্সির মানদন্ড উপর নির্ভর করতে থাকব। আমরা সরকারের সকল আইন কানুন মেনে চলব এবং যথেচ্ছভাবে ওয়াই-ফাই স্তরসমুহের , প্রতিনিধিত্বশীল পরীক্ষা পরিচালনা করব। সব সময়ের মত আমাদের সিদ্ধান্ত ছাত্রছাত্রীদের সর্বোচ্চ মংগলের উপর ভিত্তি করে।

আপনি কি জানতেন...ওয়েরলেস নেটওয়ার্কের যে প্রবেশ বিন্দুগুলো আমরা স্কুলে সংস্থাপন করি বাড়ীর রাউটারের একটি ক্ষুদ্রাংশ শক্তি দ্বারা পরিচালিত- এগুলো শিল্পকারখানা-শক্তি বলে বিবেচিত হয় না। ওয়েরলেস প্রযুক্তি এবং স্বাস্থ্য সম্বন্ধে আরও জানুন, দেখুন http://bit.ly/wifi_health.

ছাত্রছাত্রীরা ভালো ডিজিটাল নাগরিকত্ব শেখে

ছাত্রছাত্রীরা এমন একটি পৃথিবীতে বসবাস এবং কাজ করবে যেখানে মানুষ নিজেদের যন্ত্রাদি নিয়মিত ব্যবহার করবে। তাদের প্রযুক্তির নিরাপদ, কার্যকর , নৈতিক এবং সন্মানজনকভাবে ব্যবহার করা শিখতে হবে। ছাত্রছাত্রীরা স্কুল অথবা বাড়ী থেকে যেখান থেকেই তথ্যে প্রবেশ করুক প্রযুক্তি ব্যবহারে আচরনবিধি এবং শিক্ষায়তনিক শুদ্ধতা প্রযোজ্য।

স্কুলের আচরন বিধিমালা এবং পিল বোর্ডের ডিজিটাল সিটিজেনশীপ নীতি #৭৮ এর সাথে সংগতি রেখে, আমরা নিজস্ব যন্ত্রাদির দায়িত্বশীল ব্যবহার করি । আপনি নীতিমালাটি এখানে পাবেন http://bit.ly/policy78

আরো জানুন

আরও তথ্য এবং আরবী, বাংলা, গুজরাটী, হিন্দি, পাঞ্জাবী, সহজ চীনা, স্প্যানিশ, তামিল, ভিয়েতনমী এবং উর্দূ অনুবাদ অনলাইনে **www.peelschools.org/byod** পাওয়া যাবে।

অভিভাবক সম্পৃক্ততা কমিটি (**Parent Involvement Committee**) এর সাথে অংশীদারিত্বে তৈরী PIC স্কুলের মধ্যে এবং জেলার মধ্যে ছাত্রছাত্রীদের সাফল্য সমর্থনের জন্য অর্থপূণ অভিভাবক সম্পৃক্ততা সমর্থন, উতসাহিত এবং বর্ধন করে। PIC সম্বন্ধে আরও জানার জন্য, **www.peelschools.org** এর "Parents - Get involved" অংশটি দেখুন।